# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 14.04.24** **Time: 07.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) আসন্ন লোকসভা ভোটে রাজ্যে কেন্দ্রীয় বাহিনীর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে নির্বাচন কমিশন, প্রতি জেলায় একজন করে নোডাল অফিসার নিয়োগের নির্দেশ দিয়েছে।

২) আজ পয়লা বৈশাখ। বাঙালীর নববর্ষ। সকাল থেকেই উৎসব মুখরিত রাজ্যের বিভিন্ন প্রান্ত।

৩) বাংলা নতুন বছরের প্রথম দিনে অভিনেতা মিঠুন চক্রবর্তী প্রচার করবেন জলপাইগুড়িতে। উত্তরবঙ্গের চালসায় নববর্ষ কর্মসূচী পালন করবেন তৃণমূল কংগ্রেস নেত্রী, মমতা ব্যানার্জী।

৪) সরকারি কর্মচারীদের আবাসন পাওয়ার প্রক্রিয়া আরও সরল করার পদ্ধতি ঘোষণা করেছে রাজ্য প্রশাসন।

৫) কলকাতা নাইট রাইডার্স, আইপিএল ক্রিকেটে আজ লক্ষ্ণৌ সুপারজায়ান্টের মুখোমুখি। ইডেনে খেলা শুরু দুপুর সাড়ে তিনটেয়।

---

রাজ্যে আসন্ন লোকসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে নির্বাচন কমিশন প্রতি জেলায় একজন করে নোডাল অফিসার নিয়োগের নির্দেশ দিয়েছে। ঐ আধিকারিক জেলাস্তরে কন্ট্রোল রুমের সঙ্গে সমন্বয় রক্ষা করবেন। গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের তরফে সব জেলাশাসক তথা জেলার নির্বাচনী আধিকারিককে এই মর্মে নির্দেশ পাঠানো হয়েছে। গত ৬ই এপ্রিল দুই বিশেষ পর্যবেক্ষকের সঙ্গে বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

-------------------

লোকসভা নির্বাচনের প্রতিটি পর্যায়ে কোনওরকম হিংসা বরদাস্ত করা হবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট ভাষায় জানিয়েছে। গতকাল সকাল থেকে কমিশনের কর্তারা প্রথম দফার তিনটি জেলা কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ারের জেলাশাসক, পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে বসেন। দিল্লি থেকে ভিডিও কনফারেন্সে সেই বৈঠকে আইন-শৃঙ্খলা নিয়ে জেলাগুলিকে কড়া বার্তা দেওয়া হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে। ভোটের সব পর্যায়েই পর্যাপ্ত সংখ্যায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখা হবে বলেও কমিশন কর্তারা আশ্বাস দিয়েছেন।

প্রথম দফার নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখার পাশাপাশি ওই তিন জেলার ভোটাররা যাতে নিশ্চিন্তে ভোট দিতে পারেন এবং ভোট শেষ হলে যাতে কোনওরকম হিংসা বা সন্ত্রাস না হয়, সেবিষয়ে কড়া নজর দিতে বলেছে নির্বাচন কমিশন। পুলিশ সুপার এবং কমিশনারদেরকেও নিরপেক্ষভাবে কাজ করার নির্দেশও দেওয়া হয়েছে। ভোটের দিনগুলিতে প্রতি ঘণ্টায় ভোট প্রক্রিয়া কতটা এগোল, কোথায় কী ধরনের আইন-শৃঙ্খলা পরিস্থিতি রয়েছে, তা নিয়ে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে। এর পরে সেই রিপোর্ট পাঠানো হবে দিল্লিতে।

-------------------

আজ পয়লা বৈশাখ। বাংলা বছরের প্রথম দিন। উৎসাহ উদ্দীপনার সঙ্গে দিনটি পালিত হচ্ছে।

একটি প্রতিবেদন,

**১৪৩১** সনের প্রথম দিনটি থেকেই বাংলার প্রতিষ্ঠা দিবস পালনের সূচনা হচ্ছে। কলকাতায় মূল অনুষ্ঠানটি হবে ক্যাথিড্রাল রোডে। বাংলাদেশেও পয়লা বৈশাখ অত্যন্ত উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়। এই উপলক্ষে ঢাকার শোভাযাত্রা ইউনেস্কো হেরিটেজের মর্যাদা পেয়েছে।

ভারতের সংবিধান প্রণেতা বাবাসাহেব ডক্টর ভীমরাও আম্বেদকারের জন্মদিনটি আজ সারা দেশের সঙ্গে এ রাজ্যে যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

-------------------

আজ নববর্ষ এবং ইডেনের আইপিএল ম্যাচকে ঘিরে কলকাতা পুলিশ বাড়তি সতর্কতা নিয়েছে। ইডেন ও ময়দান চত্বরে গত ম্যাচের তুলনায় ৫০০ পুলিশ কর্মী বেশি থাকছেন। ময়দান চত্বরে মোট আড়াই হাজারেরও বেশি পুলিশ কর্মী নামানো হচ্ছে। রাজ্য থেকে দুই আইএস জঙ্গী ধরা পড়ার প্রেক্ষিতে ইডেনে সাদা পোশাকের নজরদারি কর্মীর সংখ্যাও বাড়ানো হচ্ছে। এছাড়া পয়লা বৈশাখের একাধিক শোভাযাত্রা ও জমায়েতে বিশেষ পুলিশি ব্যবস্থা থাকবে। চলবে নাকা চেকিং-ও।

উল্লেখ্য, ইডেনে আজ আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, লক্ষ্ণৌ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে। খেলা শুরু দুপুর সাড়ে তিনটেয়।

-------------------

বাংলা নববর্ষে আজ প্রতিটি রাজনৈতিক দলই জন সংযোগ ও প্রচার কর্মসূচী নিয়েছে। তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতায় অনুষ্ঠান সেরেই উত্তরবঙ্গে পৌঁছবেন। উত্তরবঙ্গের চালসায় আজ তাঁর পদযাত্রা রয়েছে। তবে এই পদযাত্রায় দলীয় পতাকা ও প্রতীক থাকবে না। আগামীকাল তাঁর কোচবিহারের রাসমেলা মাঠ ও বীরপাড়ায় কর্মসূচী রয়েছে।

এদিকে, আজ জলপাইগুড়ি কেন্দ্রে বিজেপি প্রার্থীর সমর্থনে অভিনেতা মিঠুন চক্রবর্তী আজ ময়নাগুড়িতে রোডশো করবেন।

আগামী মঙ্গলবার প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফের বাংলায় আসছেন। ঐদিন দলীয় প্রার্থীর সমর্থনে তাঁর রায়গঞ্জ ও বালুরঘাটে দুটি সভা রয়েছে। তার আগে আজ বছরের প্রথম দিনে নিবিড় জনসংযোগ সারতে সকাল থেকেই রাস্তায় বেরিয়েছেন দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

উল্লেখ্য গতকাল নির্বাচনী প্রচারে বেরিয়ে বহরমপুরে গো ব্যাক ধ্বনি শুনে উত্তেজিত হয়ে পড়েন স্থানীয় কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরী। তিনি পুলিশের কাছে তৃণমূল কংগ্রেসের কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন। প্রদেশে কংগ্রেসের সাধারণ সম্পাদক মনোজ চক্রবর্তী দাবি করেছেন, মত্ত অবস্থায় সশস্ত্র দুষ্কৃতীরা তাদের প্রার্থীকে হেনস্থা করার চেষ্টা করে।

-------------------

সরকারি কর্মীরা যাতে খুব সহজেই আবাসন পেতে পারেন তার জন্য আবেদনের প্রক্রিয়া আরও সহজ  করল রাজ্য প্রশাসন। রাজ্য আবাসন দফতর এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে। ওই বিজ্ঞপ্তিটি বিভিন্ন দফতরের মাধ্যমে কর্মীদের অবহিত করা হয়েছে। জানা গিয়েছে, সরকারি আবাসনের জন্য ইতিমধ্যেই যেসব কর্মী আবেদন করেছেন

তাঁদের একটি তথ্য ভাণ্ডার তৈরি করছে রাজ্যের আবাসন দফতর। সেখানে আবেদনকারীদের নাম নথিভুক্ত করতে বলা হয়েছে। নির্দিষ্ট প্রোফর্মায় কর্মীদের আবেদন করতে হবে। অনলাইনে আবাসন দফতরের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন পেশের ওপর জোর দেওয়া হয়েছে। তবে কোনও কর্মী চাইলে অফলাইনেও আবেদন করতে পারবেন। আবাসন দফতরের বিজ্ঞপ্তি অনুযায়ী, ১৯ এপ্রিলের মধ্যে আবেদন করতে বলা হয়েছে। সরকারি কর্মীদের সঙ্গে যাতে আবাসন দফতর সহজে যোগাযোগ করতে পারে তার জন্য এই তথ্য ভাণ্ডার তৈরি করা হচ্ছে। এজন্য কর্মীদের ই-মেল আইডি, মোবাইল নম্বর প্রভৃতি চাওয়া হয়েছে।

------------------

উত্তর চব্বিশ পরগনার সন্দেশখালিতে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগগুলির প্রসঙ্গে রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছে জাতীয় মানবাধিকার কমিশন। এই নিয়ে কমিশন যে সুপারিশ করেছিল তার প্রেক্ষিতে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছে তা আগামী আট সপ্তাহের মধ্যে রিপোর্ট আকারে জমা দিতে হবে বলে কমিশনের তরফে সামাজিক মাধ্যমে জানানো হয়েছে।

------------------

সন্দেশখালিতে একটিও হত্যা হয়নি বলে মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন, বিজেপি তার সমালোচনা করেছে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, সন্দেশখালিতে শেখ শাহজাহানের নির্দেশে তিনজন বিজেপি কর্মীর হত্যা হয়েছে। এরমধ্যে দুজনের দেহ এখনো পাওয়া যায়নি। পাশাপাশি মহিলাদের শ্লীলতাহানি করা হয়েছে। তারপরেও মুখ্যমন্ত্রী যেভাবে সন্দেশখালি নিয়ে কটাক্ষ করেছেন তা অত্যন্ত লজ্জাজনক।

-------------------

কলকাতা পুরসভার ৪৯ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলর মোনালিসা বন্দ্যোপাধ্যায় তারই দলের এক স্থানীয় নেতার বিরুদ্ধে ভীতি প্রদর্শন ও কুকথা প্রয়োগের অভিযোগ এনে উত্তর কলকাতার তৃণমূল কংগ্রেস কার্যালয়ে তাঁর অনুগামীদের নিয়ে অবস্থান-বিক্ষোভ শুরু করেছেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে মোনালিসা বলেন, বেশ কিছুদিন ধরেই স্থানীয় এক দলীয় নেতা তাঁকে উদ্দেশ্য প্রণোদিতভাবে হেনস্তা করছেন। বিষয়টি নিয়ে ইতিমধ্যেই তিনি প্রবীণ তৃণমূল কংগ্রেস নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় ও নয়না বন্দ্যোপাধ্যায়কে জানিয়েছেন। সুরাহা না হওয়া পর্যন্ত অবস্থান চলবে বলে তিনি জানান।

-------------------

প্রতিরক্ষা মন্ত্রক, ভারতীয় সেনায় অগ্নিপথ প্রকল্পে সেনা জওয়ান নিয়োগের জন্য রাজ্যে অনলাইন প্রবেশিকা পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। আগামী ২২ শে এপ্রিল থেকে ৭ই মে পর্যন্ত বিভিন্ন ধাপে কলকাতা, বর্ধমান, শিলিগুড়ি, দুর্গাপুর, কল্যাণী সহ সাতটি জায়গায় এই অনলাইন পরীক্ষা নেওয়া হবে বলে মন্ত্রকের তরফে জানানো হয়েছে। যেসব প্রার্থী এই পরীক্ষায় বসার জন্যে অনলাইনে নিজেদের নাম রেজিস্ট্রেশন করিয়েছেন তারা www.joinindianarmy.nic.in এই ওয়েবসাইটে গিয়ে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন।

-------------------

নবান্নে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠকের পর জিটি রোডের ওপর থেকে ধর্ণা কর্মসূচী প্রত্যাহার করে নিয়েছে শ্রমজীবী স্বাস্থ্য প্রকল্প সমিতি।

বেলুড় শ্রমজীবী হাসপাতালের সম্প্রসারণের জন্য সংলগ্ন খাস জমির খানিকটা অংশের দাবিতে সমিতি আন্দোলন শুরু করেছে। তাদের পক্ষ থেকে দাবি করা হয়, সম্প্রতি উচ্চ আদালতের রায় সমিতির পক্ষেই গেছে।

-------------------

কার্শিয়ং - এর বিধায়ক তথা আসন্ন লোকসভা নির্বাচনে দার্জিলিং কেন্দ্রের নির্দল প্রার্থী  বিপি বাজগাইন জেলা পুলিশ সুপারকে চিঠি লিখে নিজের জন্য এক্স ক্যাটাগরির নিরাপত্তা দাবি করেছেন। তাঁর বক্তব্য, প্রভাবশালী অন্য প্রার্থীদের পক্ষ থেকে তাঁকে ভয় দেখানো হচ্ছে। ওই কেন্দ্রের বিজেপি প্রার্থী রাজু বিস্তা বলেছেন, এই দাবির কোনও সারবত্তা নেই।

-------------------

সল্টলেক স্টেডিয়ামে গতকাল আইলিগ ফুটবলে তাদের শেষ ম্যাচে মহামেডান স্পোর্টিং ১-৩ গোলে দিল্লি এফ সির কাছে পরাজিত হয়েছে। মহামেডান আগেই লিগ চ্যাম্পিয়ন হয়ে আইএসএলে খেলার যোগ্যতা অর্জন করেছে।

গতকাল যুবভারতী ক্রীড়াঙ্গনে মহামেডান স্পোর্টিং-এর খেলোয়াড়দের হাতে ট্রফি তুলে দেন আইএফএফ সভাপতি কল্যাণ চৌবে।

-------------------

প্রতিবারের মতো এবারও আজ বাংলা নববর্ষে সকালে মোহনবাগান ও ইস্টবেঙ্গল মাঠে ঐতিহ্যবাহী বার পুজোর আয়োজন করা হয়েছে। নতুন বছরে দলের সাফল্য কামনায় সুদূর অতীত থেকে বার পূজানুষ্ঠানের প্রথা চলে আসছে। প্রাক্তনদের সঙ্গে বর্তমান দলের ফুটবলাররা মাঠে উপস্থিত থাকেন।

এদিকে আগামীকাল যুব ভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে লিগ - শিল্ড জয়ের লক্ষ্যে মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফসি, র বিরূদ্ধে খেলবে। এই ম্যাচ জিতলে মোহনবাগান প্রথমবার লিগ - শিল্ড জয় করতে পারবে। ম্যাচকে ঘিরে সবুজ মেরুন দলের সমর্থকদের মধ্যে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে।

------------------- -------------------